

ডেমাণ্ডি

এইচআইডি ও মাদক ঝুঁকি
হাসকরণ প্রশিক্ষণ কর্মশালায়
কারাগারকে সংশোধন কেন্দ্র
হিসেবে গড়ে তুলতে হবে

ঢাকা আহছানিয়া মিশন ইউএনওডিসি রসা
ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরের
সম্মিলিত উদ্যোগে আয়োজিত কর্মশালায়
বক্তারা বলেন, কারাগারকে সংশোধন কেন্দ্র
হিসেবে গড়ে তুলতে হবে। কারাবন্দিরা
শান্তি শেষে যেন দায়িত্ববান নাগরিক
হিসেবে সমাজের কাজ করতে পারে
সেদিকে লক্ষ্য রাখতে হবে। মাদক ব্যবসা
ও সেবন যেখান থেকে নিয়ন্ত্রিত হয় সেই
জায়গায় প্রতিরোধ গড়ে তুলতে হবে।
রাজধানীর ইস্কাটনের বিয়াম ফাউন্ডেশনের
মাহবুব কবীর অভিটরিয়ামে 'কারাবন্দি
মাদক ব্যবহারকারীদের মধ্যে এইচআইডি
ও মাদক ঝুঁকি হাসকরণ' বিষয়ক ৪
দিনব্যাপী জাতীয় প্রশিক্ষণ কর্মশালায়
উদ্বোধন করা হয় গতকাল।

ঢাকা আহছানিয়া মিশনের প্রেসিডেন্ট কাজী
সফিকুল আলমের সভাপতিত্বে উদ্বোধনী
অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন স্বরাষ্ট্র
মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. শেখ
আব্দুর রশিদ। অতিথি ছিলেন
ইউএনওডিসি রসা-এর কনসালটেন্ট
কারাগার বিশেষজ্ঞ ড. জয়দেব সারঙ্গী ও
ইউএনওডিসি-এর বাংলাদেশের উপদেষ্টা
ড. মোজাম্মেল হক। এ ছাড়াও স্বাগত
বক্তব্য রাখেন ঢাকা আহছানিয়া মিশনের
কর্মসূচি বিভাগের পরিচালক সফিকুল
ইসলাম। উদ্বোধনী অনুষ্ঠান শেষে 'পিয়ার
গাইড'-এর মোড়ক উন্মোচন করেন
অনুষ্ঠানের প্রধান অতিথি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের
অতিরিক্ত সচিব ড. শেখ আব্দুর রশিদ।
কর্মশালায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়, কারা
অধিদফতর, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতর ও
পুলিশের ২২ কর্মকর্তা এতে অংশ নেন।
প্রশিক্ষণ কর্মশালাটি চলবে ১৭ জানুয়ারি
পর্যন্ত। বিজ্ঞপ্তি।